


প্রভাব ও অগ্রাধিকারের মাত্রা - প্রত্যেক স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে কতটুকু প্রভাব বিস্তার করতে পারবে সেটা চিহ্নিত করাটাও গুরুত্বপূর্ণ। যেসকল স্টেকহোল্ডার প্রতিষ্ঠানকে প্রভাবিত করার বেশি ক্ষমতা রাখে, একটি প্রতিষ্ঠানের উচিত তাদেরকেই অগ্রাধিকার দেয়া। একটি গার্মেন্ট কারখানায় ধরে নেয়া হয় যে, প্রধান ক্রেতা হিসেবে ব্র্যান্ডগুলোই কোম্পানির সবচেয়ে প্রভাববিস্তারকারী স্টেকহোল্ডার। কর্মীদের অবদান ও প্রভাব বিস্তারের মাত্রাটাও বিবেচনায় রাখা উচিত - একজন শ্রমিকের জোরালো কঠে তার দাবি পেশ করার ক্ষমতা না-ও থাকতে পারে, কিন্তু একদল শ্রমিক সমবেত কঠে দাবি তুলতে পারে এবং অতঃপর কাজ করার তাগিদ হারিয়ে ফেলতে পারে, এমনকি কাজ করা বন্ধও করে দিতে পারে, যদি তাদের সমস্যা নিয়ে না ভাবা হয়। ফলে, স্টেকহোল্ডারদের ম্যাপিং করার সময় তাদের বিবিধ মতামতের দিকে নজর দেয়াটাও জরুরি। নিচের প্রথম ম্যাট্রিক্সটির<sup>১৮</sup> সাহায্যে আপনি গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের চিহ্নিত করতে পারেন এবং দ্বিতীয় ম্যাট্রিক্স<sup>১৯</sup> থেকে তাদের অংশগ্রহণ বা সহযোগিতা করার কতটুকু আগ্রহ আছে তা জানতে পারেন।



স্টেকহোল্ডারদের আগ্রহ ও চাহিদা - সাবধানতার সাথে কোম্পানির স্টেকহোল্ডারদের ম্যাপিং করার পর কোম্পানিকে চিহ্নিত করতে হবে স্টেকহোল্ডারদের আগ্রহ কোথায় এবং তাদের চাহিদা কি, বিশেষ করে সামাজিক দায়িত্বশীলতার ক্ষেত্রে। এখনই সময় বিবেচনা করার যে প্রতিষ্ঠানের সবচেয়ে প্রভাব বিস্তারকারী স্টেকহোল্ডারদের কিভাবে যোগদানে উৎসাহিত করা যায়।

## ধাপ-৩: একটি স্টেকহোল্ডার প্যানেল গঠন করা ও

### স্টেকহোল্ডারদের সংযুক্ত করা

এর পরের পদক্ষেপ হবে একটি স্টেকহোল্ডার প্যানেল তৈরি করা এবং যে সকল বাহ্যিক ও অভ্যন্তরীণ স্টেকহোল্ডারদের চিহ্নিত করা হয়েছে তাদের আমন্ত্রণ জানানো। এই স্টেকহোল্ডার প্যানেলের মূল উদ্দেশ্য হচ্ছে আপনার স্টেকহোল্ডারদের জন্য একটি সুযোগ সৃষ্টি করা, যাতে তারা সামাজিক দায়িত্বশীলতা সম্পর্কে কিংবা প্রতিষ্ঠানের অন্যান্য কার্যক্রম তাদের প্রভাবিত করে সেগুলো সম্পর্কে তাদের মতামতের সুযোগ সৃষ্টি করবে। স্টেকহোল্ডাররা কতটা ভালোভাবে পরস্পরের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে, সহযোগিতা করতে পারে কিংবা সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে তার ওপর এই প্যানেলের সাফল্য নির্ভর করে।

<sup>১৮</sup> Source: Johnson and Scholes 1999

<sup>১৯</sup> Moratis, L. & Cochius, T., 2011. ISO 26000: The Business Guide to the new Standard on Social Responsibility. UK: Greenleaf Publishing Limited